



# বরিশাল বিশ্ববিদ্যালয়

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং বিইউ/রেজি/জনবল/নিয়োগ বিজ্ঞপ্তি/৪২৭/১১১৮

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ  
২৬ ফেব্রুয়ারী ২০১৯ খ্রিস্টাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে Centre for Modern Language-এ ইংরেজি, ফরাসি, জাপানি ও আরবি ভাষার জন্য নিম্নলিখিত পদসমূহ পূরণের নিমিত্তে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

<p><b>সহকারী অধ্যাপক: (ইংরেজি/ ফরাসি/ জাপানি/ আরবি)</b> (গ্রেড-৬) ০১টি স্থায়ী পদ, বেতনঃ ৩৫,৫০০-৬৭,০১০/- প্রতিষ্ঠিত শিক্ষা প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ভাষায় উচ্চতর ডিপ্লোমা/ মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। ভাষা শিক্ষায় পাঠদানে ন্যূন পক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। উচ্চতর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয়টিতে ১ম বিভাগ/জিপিএ ৪.০০ (স্কেল: ৫.০০) সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ও উচ্চতর ডিপ্লোমা পরীক্ষায় প্রত্যেকটিতে ন্যূন পক্ষে ৩.৫০ (স্কেল: ৪.০০) থাকতে হবে।</p>
<p><b>প্রভাষক: ইংরেজি (গ্রেড-৯) ০১টি স্থায়ী পদ, বেতনঃ ২২,০০০-৫৩,০৬০/-</b> প্রার্থীর ইংরেজি ভাষায় (Linguistics) অনার্সসহ মাস্টার্স অথবা সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর ডিপ্লোমা ডিগ্রি থাকতে হবে। প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয়টিতে ১ম বিভাগ/জিপিএ ৪.০০ (স্কেল: ৫.০০) সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ও উচ্চতর ডিপ্লোমা পরীক্ষায় প্রত্যেকটিতে ন্যূন পক্ষে ৩.৫০ (স্কেল: ৪.০০) থাকতে হবে।</p>
<p><b>প্রভাষক: ফরাসি (গ্রেড-৯) ০১টি স্থায়ী পদ, বেতনঃ ২২,০০০-৫৩,০৬০/- ; প্রভাষক: জাপানি (গ্রেড-৯) ০১টি স্থায়ী পদ, বেতনঃ ২২,০০০-৫৩,০৬০/-; প্রভাষক: আরবি (গ্রেড-৯) ০১টি স্থায়ী পদ, বেতনঃ ২২,০০০-৫৩,০৬০/-</b> প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ মাস্টার্স অথবা সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর ডিপ্লোমা ডিগ্রি থাকতে হবে। প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয়টিতে ১ম বিভাগ/জিপিএ ৪.০০ (স্কেল: ৫.০০) সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ও উচ্চতর ডিপ্লোমা পরীক্ষায় প্রত্যেকটিতে ন্যূন পক্ষে ৩.৫০ (স্কেল: ৪.০০) থাকতে হবে।</p>

### শর্তাবলী

(ক)	আবেদনকারীকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম Website : <a href="http://www.barisaluniv.edu.bd">www.barisaluniv.edu.bd</a> , <a href="http://www.barisaluniv.ac.bd">www.barisaluniv.ac.bd</a> থেকে ডাউনলোড করে অথবা বরিশাল বিশ্ববিদ্যালয়, কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০, কিংবা বরিশাল বিশ্ববিদ্যালয়-এর ঢাকাস্থ লিয়াজোঁ অফিস ১৬/১, লেক সার্কাস (৩য় তলা), কলাবাগান (স্কয়ার হাসপাতালের বিপরীতে, কনকর্ড টাওয়ারের নিচের রাস্তা দিয়ে সামনে), ঢাকা-১২০৫ থেকে ফর্ম প্রতি ৫০/- (পঞ্চাশ) টাকা নগদ প্রদানপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রসহ গ্রেড ৬ এবং গ্রেড ৯ পদের জন্য ০৮ (আট) সেট রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল-৮২০০ বরাবর জমা দিতে হবে। আবেদনের সময়সীমা ১০/০৩/২০১৯ তারিখ।
(খ)	প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নলিখিত তথ্যাদি সংযুক্ত করতে হবে- (১) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্র-এর ছায়ালিপি (২) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙিন ছবি ও প্রতি সেটের সাথে এক কপি রঙিন ছবি, (৩) জন্ম সনদপত্র/জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি।
(গ)	চাকুরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। দ্রুতপূর্ণ/অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।
(ঘ)	আবেদনকালে প্রার্থীর আবেদনপত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার যে বর্ণনা দেয়া হবে চাকুরিতে যোগদানের পর পূর্বে অর্জিত এর অতিরিক্ত কোনো যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ গ্রহণযোগ্য হবে না।
(ঙ)	দরখাস্তের সাথে “ট্রেজারার, বরিশাল বিশ্ববিদ্যালয়”, সোনালী ব্যাংক, বরিশাল বিশ্ববিদ্যালয় শাখা, বরিশাল এর অনুকূলে রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকের যে কোনো শাখা থেকে গ্রেড ৬-এর পদের জন্য ১৫০০/- টাকা, গ্রেড ৯-এর পদের জন্য ১২০০/- টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) অবশ্যই সংযুক্ত করতে হবে।
(চ)	প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদের নাম খামের উপর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
(ছ)	বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।
(জ)	নির্বাচিত প্রার্থীদেরকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টার থেকে ফিটনেস সার্টিফিকেট সংগ্রহপূর্বক যোগদান করতে হবে।
(ঝ)	যোগ্য প্রার্থীদের মধ্যে অধুমপায়ী ব্যক্তিকে প্রাধিকার দেয়া যেতে পারে।

স্বা-  
(ড. মোঃ হাসিনুর রহমান)  
রেজিস্ট্রার